

কাল বেসুটা-র অনশন শুরু

আজকালের প্রতিবেদন: বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি (বেসু)-কে জাতীয় স্তরে উন্নীত করার লক্ষ্যে ২০ ফেব্রুয়ারি থেকে অনশনে বসছে বেসুর শিক্ষক সংগঠন বেসুটা। বেসুটার সাধারণ সম্পাদক সুজয় মুখার্জি জানিয়েছেন, ২০ থেকে ২৩ ফেব্রুয়ারি তিনটে দলে ভাগ হয়ে তাঁরা অনশন করবেন। ২৩ তারিখ থেকে তাঁরা অনির্দিষ্টকালের জন্য অনশন শুরু করবেন। সুজয়বাবু জানিয়েছেন, যতদিন না তাঁদের দাবি পূরণ হচ্ছে, তাঁরা অনশন চালিয়ে যাবেন। এই বিষয়ে বেসুর উপাচার্য নিখিলরঞ্জন ব্যানার্জি জানিয়েছেন, বিষয়টি কেন্দ্রের বিচারধীন। বিশ্ববিদ্যালয় এবং রাজ্য সরকারের এই মুহুর্তে এই বিষয়ে করণীয় কিছু নেই। তিনি বলেন, উপাচার্য হিসেবে বেসুকে আই এন আই স্ট্যাটাস দেওয়ার ব্যাপারে দ্রুত সিদ্ধান্ত নিক কেন্দ্র সরকার, এটাই তিনি বলতে পারেন। তবে আজ, সোমবার বিশেষ কাজে তিনি দিল্লি যাচ্ছেন। মানব সম্পদ উন্নয়ন দপ্তরে যাবেন এবং সচিবের সঙ্গে দেখা করে বিষয়টি কী অবস্থায় আছে, তা জানার চেষ্টা করবেন বলেও জানান নিখিলরঞ্জনবাবু। সুজয়বাবু জানিয়েছেন, যথাসময়ে ক্লাস নেওয়া হবে। বড় কিছু না-ঘটলে তাঁরা ক্লাস নেওয়া বন্ধ করবেন না।